

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪০৯২  
খোয়াই, ০৭ ডিসেম্বর, ২০২৩

**বিকশিত ভারত সংকল্প যাত্রা**  
**পদ্মাবিল ব্লকে বিকাশ শিবির**

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি পদ্মাবিল ব্লকের ওয়ারেনটুবাড়িতে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। ওয়ারেনটুবাড়ি চিত্তরঞ্জন দেববর্মা স্মৃতি মাধ্যমিক বিদ্যালয়ের প্রঙ্গনে আয়োজিত এই শিবিরে উপস্থিত ছিলেন ব্লকের বিডিও স্বরূপা রিয়াং, অতিরিক্ত বিডিও অমিত জমাতিয়া, ডিসি যোসেফ দেববর্মা প্রমুখ। পাগলাবাড়ি ভিলেজ, আখড়াবাড়ি ভিলেজ, রসরাজনগর ভিলেজ, জালাইতাইসা ভিলেজ, দক্ষিণ রামচন্দ্রঘাট ভিলেজ, রামদয়ালবাড়ি ভিলেজ ও তাইহাসিঙবাড়ি ভিলেজকে নিয়ে এই শিবিরের আয়োজন করা হয়।

শিবিরে মহকুমা প্রশাসন থেকে ৭১টি পিআরটিসি, ৬২টি এসটি, ৫টি ম্যারেজ ও ৫০টি ইনকাম সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবিরে কৃষি ও কৃষক কল্যাণদপ্তর থেকে ৪ জন কৃষককে পিএম-কিষাণ যোজনার আওতায় নথিভুক্ত করা হয়। বনদপ্তর থেকে ৪৬ জনকে অর্থকরি ও ঔষুধি গাছের চারা দেওয়া হয়। তাছাড়া শিবিরে মৎস্যদপ্তর থেকে ৬ জন মৎস্যচাষীকে বীমার আওতায় আনা হয়। ১ জন মৎস্যজীবির কাছ থেকে কেসিসি লোনের আবেদনপত্র গ্রহণ করা হয়েছে। স্বাস্থ্য দপ্তর থেকে ১০৯ জনকে চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। শিবিরে বিকশিত ভারত সংকল্প যাত্রায় ভ্রাম্যমান প্রচার গাড়িকে স্বাগত জানানো হয়। বিভিন্ন সরকারি প্রকল্প ও পরিষেবার তথ্য সম্বলিত এই ভ্রাম্যমান প্রচার গাড়ি ব্লকের বিভিন্ন ভিলেজ পরিক্রমা করে।

\*\*\*\*\*